অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 1.7 বিলিয়ন মার্কিন ডলারের হান্টস পয়েন্ট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ সময়মতো এবং নির্ধারিত বাজেটের কম খরচে সম্পূর্ণ হওয়ার ঘোষণা করলেন

শেরিডান ব্যুলেভার্ড থেকে এজওয়াটার রোড পর্যন্ত নতুন দ্বিমুখী র‍্যাম্পের কাজ শেষ হওয়ার ফলে স্থানীয় সড়ক থেকে প্রতিদিন হাজার হাজার ট্রাক সরে যাবে, বাতাসের মান উন্নয়ন করবে এবং শব্দ দূষণ হ্রাস করবে

নতুন কমিউনিটি সবুজ স্থান এবং ব্রঙ্কস নদী ও বিনোদনমূলক সুযোগসমূহের প্রতি পথচারী ও সাইকেল চালকদের উন্নয়ন অ্যাক্সেস প্রদানকারী নতুন মিশ্র ব্যবহারের পথ

পূর্বমুখী ব্রাকনার এক্সপ্রেসওয়ে থেকে এজওয়াটার রোড পর্যন্ত নতুন র‍্যাম্প; লেগিট অ্যাভিনিউতে হান্টস পয়েন্ট পেনিনসুলা থেকে ব্রাকনার এক্সপ্রেসওয়ে পর্যন্ত নতুন র‍্যাম্প

প্রকল্পটি দক্ষিণ ব্রঙ্কসের অবকাঠামো ও বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়নে স্টেটের নজিরবিহীন বিনিয়োগের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটের 1.7 বিলিয়ন মার্কিন ডলারের হান্টস পয়েন্ট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্পের (Hunts Point Access Improvement Project) প্রথম পর্যায়ের কাজ সময়মতো এবং নির্ধারিত বাজেটের কম খরচে শেষ হয়েছে। এই প্রধান মাইলফলকটি মোটর চালকদের জন্য এজওয়াটার রোডে নতুন ও উন্নত অ্যাক্সেস প্রদান সম্পূর্ণ করে, প্রতিদিন স্থানীয় সড়ক থেকে হাজার হাজার ট্রাক অপসারণ করে এবং হান্টস পয়েন্ট টার্মিনাল মার্কেটের (Hunts Point Terminal Market) অ্যাক্সেস উন্নত করে। প্রকল্পটির প্রথম পর্যায় উন্নত নিরাপত্তার জন্য নতুন ট্র্যাফিক সিগন্যাল, বিনোদনের স্থান, এবং পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য নিরাপদতর অ্যাক্সেস প্রদান করে। 460 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম পর্যায়ের চুক্তিটি দক্ষিণ ব্রঙ্কসের অবকাঠামো ও সংযোগ উন্নত করা এবং একইসাথে বাসিন্দাদের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে স্টেটের নজিরবিহীন বিনিয়োগের অংশ।

"আমার প্রশাসন নিউ ইয়র্কে বিশ্বমানের,একবিংশ শতাব্দীর অবকাঠামো গঠন করার জন্য, সময়মতো এবং বাজেটের কম খরচে রূপান্তরকারী প্রকল্প শেষ করতে নিবিড়ভাবে মনোযোগী,"

গভর্নর হোকল বলেন। "প্রতিদিন স্থানীয় সড়ক থেকে হাজার হাজার ট্রাক অপসারণ করার মাধ্যমে এবং চালকদের হান্টস পয়েন্ট টার্মিনাল মার্কেটে আরো ভালো অ্যাক্সেস প্রদানের মাধ্যমে, আমরা ব্যবসার মালিক ও বাসিন্দা সকলের জন্য দক্ষিণ ব্রঙ্কসের অভিজ্ঞতা উন্নত করে দিচ্ছি। প্রকল্পটি আমাদের সড়কগুলিকে নিরাপদটির করবে, মানুষকে তাদের বন্ধু পরিবারের সাথে যুক্ত করবে, এবং সম্প্রদায়ের জন্য সবুজতর স্থান তৈরি করবে।"

প্রথম পর্যায়ের কাজ শেষ হওয়ার ফলে মোটর চালকেরা—, যাদের মধ্যে হান্টস পয়েন্ট টার্মিনাল মার্কেটে প্রতিদিন — যাতায়াতকারী হাজার হাজার ট্রাক রয়েছে, তিনটি নতুন র‍্যাম্পের রূপে এজওয়াটার রোড পর্যন্ত নতুন ও উন্নত অ্যাক্সেস লাভ করবে। এর মধ্যে রয়েছে শেরিডান ব্যুলেভার্ড থেকে এজওয়াটার রোড পর্যন্ত একটি দ্বিমুখী র‍্যাম্প এবং পূর্বমুখী ব্রাকনার এক্সপ্রেসওয়ে থেকে এজওয়াটার রোড পর্যন্ত একটি র‍্যাম্প। প্রকল্পে এছাড়াও রয়েছে এজওয়াটার রোডের রিসার্ফেসিং কাজ, সেনেকা অ্যাভিনিউ এবং গ্যারিসন অ্যাভিনিউয়ে নতুন ট্র্যাফিক সিগন্যাল স্থাপন এবং ব্রাকনার ব্যুলেভার্ড থেকে লাফায়েট অ্যাভিনিউ পর্যন্ত একটি নতুন মিশ্র ব্যবহারের পথ।

হান্টস পয়েন্ট টার্মিনাল মার্কেট এবং ফ্যাসিলিটির কাছের অন্যান্য প্রোডিউস কোম্পানি ব্রঙ্কসের জন্য একটি অত্যাবশ্যকীয় অর্থনৈতিক ইঞ্জিন, যা 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে। হান্টস পয়েন্ট খাদ্য বিতরণ কেন্দ্রটি (Hunts Point Food Distribution Center) নিউ ইয়র্ক সিটির বাসিন্দা এবং বেড়াতে আসা মানুষের ব্যবহৃত প্রোডিউস, মাংস ও মাছের 60 শতাংশ পর্যন্ত সরবরাহ করে এবং 6,000-র বেশি কর্মীর কর্মসংস্থান করে। এটি প্রতিদিন হাজার হাজার যানকে আকৃষ্ট করে এবং প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ শেষ হওয়ার পূর্বে, যানগুলি স্থানীয় সড়কসমূহ, বিশেষ করে —ওয়েস্টচেস্টার অ্যাভিনিউ এবং ব্রাকনার ব্যুলেভার্ড ব্যবহার করে —ইন্টারস্টেট হাইওয়েতে যাতায়াত করেছে।

এছাড়া গ্যারিসন পার্কও একটি নতুন মিশ্র ব্যবহারের পথ, ল্যান্ডস্কেপিং, নদীর উপরের দৃশ্য দেখার প্ল্যাটফর্ম, এবং সিগন্যালসহ রেল ক্রসিং ও ট্র্যাফিক সিগন্যালসহ একটি আনুষ্ঠানিক প্রবেশ স্থান দ্বারা রূপান্তরিত হয়েছে, যা বাসিন্দাদের ব্রঙ্কস রিভার পর্যন্ত নিরাপদতর ও বাধাহীন অ্যাক্সেস প্রদান করে। পাশাপাশি, ব্রাকনার এক্সপ্রেসওয়ের অধীনে একটি নতুন মিশ্র ব্যবহারে পথ নির্মিত হবে যা নতুন গ্যারিসন পার্ককে (Garrison Park) বিদ্যমান কংক্রিট প্ল্যান্ট পার্কের (Concrete Plant Park) সাথে যুক্ত করবে, এবং ব্রঙ্কস রিভার গ্রিনওয়ের (Bronx River Greenway) সাথে সংযুক্তকারী নতুন পথে পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তা উন্নত করার জন্য পাঁচটি সিকিউরিটি ক্যামেরা স্থাপন করা হবে।

এছাড়াও, প্রকল্পটি ব্রঙ্কস রিভার অ্যাভিনিউয়ের ভায়াডাক্ট সংস্কার করে এবং ভায়াডাক্টের নিচে 15,000 বর্গফুটের কমিউনিটি "ব্রঙ্কস রিভার ওপেন স্পেস" তৈরি করেছে। প্রকল্পটি এছাড়াও অ্যামট্র্যাক/CSX রেললাইনের উপরের ব্রায়ান্ট অ্যাভিনিউয়ের পথচারী ব্রিজের পূর্বদিকের স্প্যান প্রতিস্থাপিত করেছে।

পাশাপাশি, প্রথম পর্যায়টি অ্যামট্র্যাক/CSX রেললাইনের উপরের ব্রাকনার এক্সপ্রেসওয়ে ও ব্রাকনার ব্যুলেভার্ডকে বহন করা চারটি ব্রিজ প্রতিস্থাপন করেছে এবং ব্রাকনার ব্যুলেভার্ড ও

হান্টস পয়েন্ট অ্যাভিনিউ এবং এজওয়াটার রোড ও লাফায়েট অ্যাভিনিউয়ের মধ্যকার ইন্টারসেকশনগুলির উন্নয়ন করেছে।

লেগিট অ্যাভিনিউ পর্যন্ত একটি নতুন প্রস্থান 48 র‍্যাম্প খুলে দেওয়া হয় সেপ্টেম্বরের শুরুতে চলমান দ্বিতীয় পর্যায়ের চুক্তির অংশ হিসেবে,যা হান্টস পোয়েটন টার্মিনাল মার্কেট পর্যন্ত এবং পশ্চিমমুখী ব্রাকনার ব্যুলেভার্ড পর্যন্ত আরো সরাসরি অ্যাক্সেস প্রদান করে এবং স্থানীয় সড়ক থেকে ট্রাক অপসারণ করে দেয়। প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের অংশ, দ্বিতীয় একটি র‍্যাম্পও আজকে খুলে দেওয়া হবে যা হান্টস পয়েন্ট পেনিনসুলাকে ব্রাকনার এক্সপ্রেসওয়ে পর্যন্ত সংযুক্ত করে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) তত্ত্বাবধান করা 1.7 বিলিয়ন মার্কিন ডলারের হান্টস পয়েন্ট প্রকল্পটির কাজ তিনটি পর্যায়ে শেষ হবে, এবং সম্পূর্ণভাবে কাজ শেষ হলে এটি ব্রাকনার এক্সপ্রেসওয়ে এবং নতুন শেরিডান ব্যুলেভার্ড উভয় স্থান থেকে হান্টস পয়েন্ট টার্মিনাল মার্কেট পর্যন্ত সরাসরি অ্যাক্সেস প্রদান করবে। মার্কেটটি বিশ্বের অন্যতম বৃহৎ পাইকারি খাদ্য বিতরণ কেন্দ্র। প্রতিদিন হান্টস পয়েন্ট পেনিনসুলাতে 78,000-র বেশি যান যায়, যার মধ্যে 13,000 ট্রাক রয়েছে যেগুলি স্থানীয় রাস্তা ব্যবহার করে, যা সম্প্রদায়ের বাতাসের মান খারাপ হওয়ার একটি কারণ।

হাইওয়ের নতুন নকশা নিরাপত্তা বৃদ্ধি করবে, স্থানীয় রাস্তা থেকে ট্র্যাফিক সরিয়ে নিবে, এবং শব্দ ও থেমে থাকা ট্রাক উভয় উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে, ফলস্বরূপ এমন একটি বরোতে বায়ু দূষণ প্রশমন করবে যেখানে দেশের সর্বোচ্চ কিছু অ্যাজমার হার রয়েছে। রূপান্তরকারী প্রকল্পটি 22,000 প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে বলে আশা করা যাচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "নিউ ইয়র্কের অবকাঠামোতে গভর্নর হোকলের নজিরবিহীন বিনিয়োগ সত্যিই রূপান্তরকারী হয়ে উঠেছে, একাধিক ধরনের পরিবহনের জন্য নতুন সুযোগ সৃষ্টি করেছে, সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করেছে, এবং অর্থনৈতিক বিকাশের জন্য নতুন পথের সূচনা করে দিচ্ছে। হান্টস পয়েন্ট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্পটি এই নীতিগুলির জন্য একটি উদাহরণস্বরূপ যেহেতু এটি ব্রঙ্কস নদী পর্যন্ত নতুন অ্যাক্সেস তৈরি করছে এবং তা উপভোগের জন্য এবং নতুন পার্ক ও পথ তৈরি করছে, এলাকাগুলিকে পানি ও সবুজ স্থানের সাথে যুক্ত করে দিচ্ছে স্থানীয় সড়কগুলি থেকে প্রতিদিন হাজার হাজার ট্রাক অপসারণ করে দিয়ে এবং হান্টস পয়েন্ট মার্কেট পর্যন্ত সরাসরি অ্যাক্সেস তৈরি করার মাধ্যমে। DOT প্রতিদিন দক্ষিণ ব্রঙ্কসের বাসিন্দাদের জন্য এই প্রকল্পের কাজ শেষ করার জন্য পরিশ্রম করছে, এবং আমরা আসন্ন বছরগুলিতে এই প্রকল্পের সবগুলি পর্যায়ের কাজ শেষ হতে দেখার জন্য উন্মুখ।"

518 মিলিয়ন মার্কিন ডলারের দ্বিতীয় পর্যায়টি, যার কাজ বর্তমানে চলছে, 141 স্ট্রিট এবং ব্যারেটো স্ট্রিটের মধ্যকার ব্রাকনার এক্সপ্রেসওয়ের 1.25 মাইলের পুনর্বাসন করবে, রাস্তা প্রসারিত করবে এবং দক্ষিণমুখী ব্রাকনার এক্সপ্রেসওয়েকে লেগিট অ্যাভিনিউয়ের সাথে সংযুক্তকারী নতুন প্রবেশ ও প্রস্থান র‍্যাম্প নির্মাণ করবে। র‍্যাম্পগুলি হাইওয়ে নেটওয়ার্ক এবং হান্টস পয়েন্ট

পেনিনসুলার মধ্যে, যেখানে হান্টস পয়েন্ট খাদ্য বিতরণ কেন্দ্র অন্তর্ভুক্ত থাকবে, একটি সরাসরি রুট প্রদান করবে, যা স্থানীয় সড়কের ট্রাক ট্র্যাফিক হ্রাস করবে।

পাশাপাশি, সাইপ্রেস অ্যাভিনিউ ও ব্যারেটো স্ট্রিটের মধ্যকার ব্রাকনার ব্যুলেভার্ডের একটি 1.75 মাইল অংশের পুনর্নির্মাণ করা হবে, এবং 15টি স্থানীয় ইন্টারসেকশনকে উন্নত করা হবে। উন্নয়নকাজের মধ্যে রয়েছে নতুন বা উন্নত কার্ব, মিডিয়ান, সাইডওয়াক, ক্রসওয়াক, এবং ট্র্যাফিক সিগন্যালের উন্নয়ন। নতুন 1.5 মাইলের মিশ্র ব্যবহারের পথটি 134তম স্ট্রিট পর্যন্ত একটি সংযোগ প্রদান করবে যা র‍্যান্ডাল আইল্যান্ড, ম্যানহাটন, এবং ব্রঙ্কস রিভার গ্রিনওয়েতে যায়। তিনটি নিউ ইয়র্ক সিটি পার্ক আইল্যান্ডকেও উন্নত করা হবে, নতুন গাছ লাগানো হবে এবং ব্রাকনার ব্যুলেভার্ড সংলগ্ন একটি নতুন আলংকারিক স্টিলের বেড়া যোগ করা হবে। দ্বিতীয় পর্যায়ের কাজ 2023 সালের ফল মৌসুমে শেষ হওয়ার কথা আছে।

তৃতীয় এবং চূড়ান্ত পর্যায়, যার কাজ 2025 সালের ফল মৌসুমে শেষ হওয়ার কথা আছে, সেটি ব্রাকনার এক্সপ্রেসওয়ে এবং শেরিডান ব্যুলেভার্ড ইন্টারচেঞ্জের সরু মুখ অপসারণ করবে, ব্রাকনারে উভয়মুখী তৃতীয় একটি লেন যোগ করবে। প্রকল্পটি ব্রায়ান্ট অ্যাভিনিউ পথচারী ব্রিজের দক্ষিণ স্প্যান প্রতিস্থাপন করবে, ব্রিজ প্রতিস্থাপন শেষ করবে এবং ADA অ্যাক্সেসিবিলিটি উন্নত করবে। নতুন সাইন এবং ফুটপাথের চিহ্ন হান্টস পয়েন্ট পেনিনসুলার মধ্যে অটো, ট্রাক এবং পথচারীদের ট্র্যাফিককে নির্দেশনা দিবে।

পাশাপাশি, নতুন পার্কিং লটের পরিকল্পনা বর্তমানে তৈরি করা হচ্ছে যা ব্রাকনার এক্সপ্রেসওয়েতে বৈদ্যুতিক যান চালানো সহজ করার জন্য 24টি দ্রুত চার্জিং স্টেশন প্রদান করবে এবং দক্ষিণ ব্রঙ্কসের বাতাসের মান আরো উন্নত করতে সাহায্য করবে।

স্টেট সিনেটর লুইস আর. সেপুভেলদা বলেন, "ব্রঙ্কসের মতো আমাদের সম্প্রদায়সমূহে বিনিয়োগ করা অসমতার সেরা সমাধান। অবকাঠামোতে প্রতিটি বিনিয়োগ আমাদের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করে এবং আমাদের নাগরিকদের প্রতি আমাদের যে প্রতিশ্রুতি রয়েছে তা পুনরায় নিশ্চিত করে। আমি গভর্নর হোকল এবং তার দলের সাথে যোগ দিয়ে হান্টস পয়েন্ট টার্মিনাল মার্কেটের এই উন্নয়নের উদ্বোধনের প্রশংসা করছি। এই প্রকল্পটি আমাদের মানুষের জন্য নিরাপদতর স্থান, সম্প্রদায়ের স্থান এবং বাইসাইকেলচালক ও পথচারীদের জন্য নিরাপদ অ্যাক্সেস প্রদান করে। আমি আত্মবিশ্বাসী যে আমাদের সম্প্রদায়গুলি এই উন্নয়নগুলি অবিলম্বে উপভোগ করতে পারবে।"

স্টেটের সিনেটর আলেসান্দ্রা বিয়াগি বলেন, "এই প্রকল্পের কাজ শেষ হওয়া হান্টস পয়েন্ট সম্প্রদায়ের জন্য একটি উল্লেখযোগ্য মাইলফলক, এটি মোটরচালক, সাইকেলচালক, এবং পথচারীদের জন্য নিরাপত্তা ও অ্যাক্সেসিবিলিটি উন্নত করে। হান্টস পয়েন্ট উন্নয়ন প্রকল্পটি দক্ষিণ ব্রঙ্কসের অবকাঠামো, নিরাপত্তা এবং অর্থনৈতিক বিকাশে অত্যাবশ্যকীয় বিনিয়োগ প্রদান করে। আমি গভর্নর হোকলের প্রতি হান্টস পয়েন্টকে আরো বলিষ্ঠ করতে তার প্রতিশ্রুতির জন্য অত্যন্ত কৃতজ্ঞ, এবং আমি এই পরিকল্পনাটি সম্পূর্ণ হওয়ার সাক্ষী হতে উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য কেনি বার্গোস বলেন, "আমার সম্প্রদায়ের স্বাস্থ্য ও নিরাপত্তা সর্বদা একটি শীর্ষ অগ্রাধিকার হয়ে থাকবে। এই প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ সম্পূর্ণ করা একটি মহান ধাপ যা বাসিন্দা এবং পুরো ব্রঙ্কসজুড়ে যাতায়াত করা মানুষের জীবন উন্নত করবে। আমি গভর্নর হোকল এবং জড়িত সকল পক্ষকে তাদের নিরলস কাজের জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি এটি দক্ষিণ ব্রঙ্কসের সম্প্রদায়ে কী সুবিধা নিয়ে আসে তা দেখার জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য আমান্ডা সেপ্টিমো বলেন, "হান্টস পয়েন্ট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ সম্পূর্ণ হওয়া দক্ষিণ ব্রঙ্কসের জন্য দীর্ঘ প্রতীক্ষিত একটি সুসংবাদ। এটি একটি আকর্ষণীয় উন্নয়ন যা প্রমাণ করে যে যখন আমরা একত্রিত হয়ে নিরাপত্তা, জনস্বাস্থ্য, এবং ন্যায্য পরিবর্তনের ব্যাপারে আমাদের চিন্তা নিয়ে কথা বলি, তখন আমরা ফল পাই। তবে, এখন সেই সময়ও যখন আমরা, নির্বাচিত কর্মকর্তারা, একত্রে এসে এই প্রকল্পের চূড়ান্ত পর্যায়ের কাজ এমন একটি সময়সূচি ও প্রক্রিয়ায় শেষ করতে পারা উচিত যা স্থানীয় সম্প্রদায়ের জন্য এবং হাজার হাজার চালকদের, যাদের ব্রাকনার এক্সপ্রেসওয়ের ট্র্যাফিক ও দূষণ পার হয়ে কাজে, স্কুলে, বা অত্যাবশ্যকীয় সেবাদানে যেতে হয় তাদের জন্য ন্যায্য হবে। স্থানীয় সড়কসমূহে কম ট্রাকচালক, ওয়াটারফ্রন্ট সংলগ্ন আরো বেশি সবুজ স্থান, এবং হান্টস পয়েন্ট প্রোডিউস মার্কেট অ্যাক্সেসের নতুন পথ দক্ষিণ ব্রঙ্কসের জীবনযাত্রার মান উন্নয়ন করার দারুণ সূচনা, এবং আমরা আনন্দিত যে স্টেট আমাদের অবকাঠামো, নিরাপত্তা, ও স্বাস্থ্যে বিনিয়োগ করে যাচ্ছে।"

টুইটারে NYSDOT-কে ফলো করুন @NYSDOT ও @NYSDOTLI এ। ফেসবুকে আমাদের খুঁজে পান এখানে Facebook.com/NYSDOT।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418